## ডু নট ডিস্টার্ব (ডিএনডি) এবং অনাকাঙ্ক্ষিত বাণিজ্যিক যোগাযোগ (ইউসিসি) থেকে সুরক্ষা

### কীভাবে অনাকাঙ্ক্ষিত বাণিজ্যিক যোগাযোগ (ইউসিসি-আনসলিসিটেড কমার্শিয়াল কমিউনিকেশন) এড়ানো যায়?

গ্রাহক তার ইচ্ছা অনুসারে সব ধরনের বাণিজ্যিক যোগাযোগ (ফোন কল ও এসএমএস) সম্পূর্ণভাবে বন্ধ করতে পারেন। এছাড়াও, নিচের সাতটি নির্দিষ্ট বিভাগের বাণিজ্যিক যোগাযোগ আলাদাভাবে বন্ধ করার সুযোগ রয়েছে—

1. ব্যাঙ্কিং/বীমা/আর্থিক পণ্য/ঋণপত্র (ক্রেডিট কার্ড)
2. স্থাবর সম্পত্তি (রিয়েল এস্টেট)
3. শিক্ষা
4. স্বাস্থ্য
5. ভোগ্যপণ্য ও মোটরযান (অটোমোবাইলস)
6. যোগাযোগ/সম্প্রচার/বিনোদন/তথ্যপ্রযুক্তি
7. পর্যটন ও অবকাশ

   এটি জাতীয় গ্রাহক পছন্দ নিবন্ধন (ন্যাশনাল কাস্টমার প্রেফারেন্স রেজিস্টার- এনসিপিআর)-এ নিজের পছন্দ নিবন্ধনের মাধ্যমে করা যায়, যা ডু নট ডিস্টার্ব (ডিএনডি) নিবন্ধন নামেও পরিচিত।

### এনসিপিআর-এ নিবন্ধনের পদ্ধতি কী?

#### ডিএনডি নিবন্ধন:

অনাকাঙ্ক্ষিত বাণিজ্যিক যোগাযোগের কারণে যে সকল অসুবিধার সম্মুখীন হতে হয়, তা এড়ানোর জন্য, গ্রাহক প্রয়োজন মনে করলে সব ধরনের বাণিজ্যিক যোগাযোগ সম্পূর্ণভাবে বন্ধ করতে পারেন অথবা নিজের পছন্দ অনুসারে নির্দিষ্ট বিভাগভিত্তিক যোগাযোগ বন্ধ করতে পারেন। এর জন্য সংশ্লিষ্ট টেলিযোগাযোগ পরিষেবা প্রদানকারীর অ্যাপ বা ওয়েবসাইট, টিআরএআই ডিএনডি অ্যাপ, অথবা 1909 নম্বরে কল বা এসএমএস-এর মাধ্যমে বার্তা পাঠিয়ে নিবন্ধন করা যায়।

### অভিযোগ করার পদ্ধতি কী?

#### ডিএনডি-সংক্রান্ত অভিযোগ নিবন্ধন:

1. ডিএনডি -তে নিবন্ধন করার পরও যদি আপনি অনাকাঙ্ক্ষিত বার্তা বা কল পান: সংশ্লিষ্ট টেলিযোগাযোগ পরিষেবা প্রদানকারীর অ্যাপ/ওয়েবসাইট, টিআরএআই ডিএনডি অ্যাপ, অথবা 1909 নম্বরে কল বা এসএমএস বার্তা পাঠিয়ে ডিএনডি -সংক্রান্ত অভিযোগ নথিভুক্ত করুন।
2. যদি সন্দেহজনক প্রতারণামূলক যোগাযোগ পান: গত 30 দিনের মধ্যে প্রাপ্ত যে কোনও সন্দেহজনক প্রতারণামূলক যোগাযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে দূরসংযোগ বিভাগ বা ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশনস (ডিওটি)-এর অন্তর্গত 'চক্ষু' প্ল্যাটফর্মে নিম্নলিখিত ওয়েবসাইটে অভিযোগ নথিভুক্ত করুন: https://sancharsaathi.gov.in/sfc/
3. যদি ইতিমধ্যেই প্রতারণা বা সাইবার অপরাধমূলক ঘটনা ঘটে থাকে: আর্থিক প্রতারণার কারণে যদি আপনার অর্থের ক্ষতি হয়ে থাকে, অথবা আপনি সাইবার অsপরাধের শিকার হয়ে থাকেন, তাহলে ঘটনাটি 1930 নম্বরের সাইবার অপরাধ সহায়তা কেন্দ্রে অথবা নিম্নলিখিত ওয়েবসাইটে নথিভুক্ত করুন: https://www.cybercrime.gov.in